

'শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি'

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
দিরাই উপজেলা পরিষদ
সুনামগঞ্জ জেলা।

## আগস্ট/২০২১ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী (২৭ তম সভা)

সভাপতি ঃ জনাব মোঃ মঞ্জুর আলম চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভার তারিখ ও সময় ঃ ১৮/০৮/২০২১, বেলা- ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' এবং 'খ' তে দেখানো হয়েছে

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানানো হয়। সভাপতির অনুরোধক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার সভার কাজ পরিচালনা করেন। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| বিষয় | আলেচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| (১) বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>সিদ্ধান্ত ঃ বিগত সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| (২) বিগত সভা হতে এ পর্যন্ত প্রাপ্ত পরিপত্র/ সার্কুলার উপস্থাপন | (ক) মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই সভায় স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, উপজেলা-১ শাখার স্মারক নং- ৪৬.০০.০০০০.০৪৬.০২০.০১০.২০২০-৫১২, তারিখ- ১০আগস্ট ২০২১ সভায় পাঠ করে শুনান। পত্রদৃষ্টে দেখা যায় যে উপজেলা পরিষদ চেয়ারম্যানদের দাপ্তরিক কাজে ব্যবহৃত জীপগাড়ির জ্বালানি ব্যয়/খরচ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নির্বাহ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। কাজেই ২০২১-২০২২ অর্থবছর থেকে উপজেলা পরিষদের জীপগাড়ির (রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলার উপজেলা সমূহ ব্যতীত) জ্বালানি খরচ/ব্যয় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নির্বাহ করার জন্য নির্দেশনা পাওয়া গেছে।<br><br>(খ) স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, উপজেলা-২ শাখার স্মারক নং- ৪৬.০০.০০০০.০৪৫.২০.০০১.২১-১১, তারিখ- ১২ আগস্ট ২০২১ সভায় পাঠ করে শুনান। পত্রদৃষ্টে দেখা যায় স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের (সিটি কর্পোরেশন, পৌরসভা, জেলা পরিষদ, উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদ) রাজস্ব আয় ও ব্যয়ের সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা নির্ধারণ ও হিসাব সংরক্ষণের পদ্ধতি উদ্ভাবনের নিমিত্ত গত ০৫/০৭/২০২১ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আয় ও ব্যয়ের তথ্য প্রতি তিন মাস অন্তর উপজেলা-২ শাখাতে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। কাজেই উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আয় ও ব্যয়ের তথ্য প্রতি তিন মাস অন্তর উপজেলা-২ শাখায় প্রেরণের নির্দেশনা পাওয়া গেছে। বিষয় দু'টি সকলের অবগতির জন্য সভায় উপস্থাপন করা হয়।<br><br>সিদ্ধান্ত ঃ স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, উপজেলা-১ শাখার স্মারক নং- ৪৬.০০.০০০০.০৪৬.০২০.০১০.২০২০-৫১২, তারিখ- ১০আগস্ট ২০২১ এবং স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, উপজেলা-২ শাখার স্মারক নং- ৪৬.০০.০০০০.০৪৫.২০.০০১.২১-১১, তারিখ- ১২ আগস্ট ২০২১ মূলে প্রাপ্ত নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| (৩) বিগত মাসের উপজেলা পরিষদের আয়-ব্যয়ের হিসাব পর্যালোচনা ঃ | মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই সভায় উপজেলা পরিষদের বিগত জুন ও জুলাই/২০২১ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী দাখিল করেন। দাখিলকৃত হিসাব বিবরণী নিম্নরূপ : | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |

| আয় | | | ব্যয় | | |
|---|---|---|---|---|---|
| ক্র:নং | বিবরণ | টাকা | ক্র:নং | বিবরণ | টাকা |
| ১ | পূর্ববর্তী মাসের জের | ৮,৬৩,১১৬/৪৫ | ১ | চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের মে ও জুন/২০২১ মাসের সম্মানী ও বাড়ি ভাড়া | ১,৯৮,০০০/- |
| ২ | ব্যাংক বিবরণী মোতাবেক প্রাপ্য | ৫,৫৬,৮৭৪/৮০ | ২ | চেয়ারম্যান জুলাই ২০২০ হতে জুন ২০২১ পর্যন্ত সময়ের ভ্রমণ বিল প্রদান | ৫০,১৪৪/- |
| ৩ | সাব-রেজিষ্ট্রার হতে ১% | ৩,৮৯,৫৩৫/৯৪ | ৩ | ভাইস চেয়ারম্যানদ্বয়ের জুলাই ২০২০ হতে জুন ২০২১ পর্যন্ত সময়ের ভ্রমণ বিল প্রদান | ১,২০,০০০/- |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | ৪ | অফিস সহায়কদ্বয়ের ও সুইপারের মে ও জুন/২১ মাসের বেতন | ৬৭,৬৫০/- |
| | | | | ৫ | উপজেলা পরিষদের সাঁট-মুদ্রাক্ষরিকের মে/২০২১ মাসের উপজেলা অংশের ১০% জিপিএফ প্রদান | ১,৬৬৮/- |
| | | | | ৬ | উপজেলা পরিষদের গাড়িচালকের মে/২০২১ মাসের উপজেলা অংশের ১০% জিপিএফ প্রদান | ১,৩৭৮/- |
| | | | | ৭ | উপজেলা পরিষদের মে ও জুন/২০২১ মাসের আনুষাঙ্গিক বিল প্রদান | ১০,০০০/- |
| | | | | ৮ | উপজেলা পরিষদের জুন/২০২১ মাসের আপ্যায়ন বিল প্রদান | ৩০,০০০/- |
| | | | | ৯ | উপজেলা সমবায় অফিসার, দিরাই এর অফিসে সিলিং ফ্যানক্রয়ের বিল প্রদান | ৩,০০০/- |
| | | | | ১০ | ভাইস চেয়ারম্যানদ্বয়কে জুলাই ২০২০ হতে জুন ২০২১ পর্যন্ত সময়ের ১৭ কমিটির সভার আপ্যায়ন বিল প্রদান | ৯৬,০০০/- |
| | | | | ১১ | ২০২০-২০২১ অর্থ বছরের পৌর কর প্রদান | ৩,৬৯,৪৭৩/- |
| | | | | ১২ | ২০২০-২০২১ অর্থ বছরের ভূমি উন্নয়ন কর প্রদান | ১২,০৬০/- |
| | | | | ১৩ | উপজেলা পরিষদের জীপ গাড়ি মেরামত বাবদ বিল প্রদান | ৬,৬৭৫/- |
| | | | | ১৪ | জুলাই ২০২০ হতে জুন ২০২১ পর্যন্ত সময়ে উপজেলা পরিষদের দাপ্তরিক কাজে ব্যবহৃত মডেম বিল প্রদান | ১২,০০০/- |
| | | | | ১৫ | উপজেলা পরিষদের চেয়াম্যান ভবনের বকেয়া বিদ্যুৎ বিল প্রদান | ১৭,৩৭০/- |
| | | | | ১৬ | উপজেলা পরিষদের সাঁট-মুদ্রাক্ষরিকের জুলাই ২০২০ হতে জুন ২০২১ মাসের জিপিএফ তহবিলে জমাকৃত টাকার সুদ বা ইনক্রিমেন্ট এবং জুন মাসের চাঁদা সহ প্রদান | ২৯,৬৪৬/- |
| | | | | ১৭ | উপজেলা পরিষদের গাড়ি চালকের জুলাই ২০২০ হতে জুন ২০২১ মাসের জিপিএফ তহবিলে জমাকৃত টাকার সুদ বা ইনক্রিমেন্ট এবং জুন মাসের চাঁদা সহ প্রদান | ২,৩৬৩/- |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | ১৮ | আনসার ক্যাম্পে ব্যবহৃত মে/২১ মাসের গ্যাস সিলিন্ডার ক্রয় বিল প্রদান | ২,০০০/- |
| | | | ১৯ | জনাব মোঃ ফরহাদ মিয়া, পিতা-মৃত আফিক মিয়া, সাং- রাজাপুর, দিরাইকে অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত হওয়ায় আর্থিক অনুদান প্রদান | ১০,০০০/- |
| | | | ২০ | জনাব মুকুন্দলাল দাস, পিতা- নরেন্দ্র কুমার দাস, সাং- মেঘনা, দিরাইকে অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত হওয়ায় আর্থিক অনুদান প্রদান | ৫,০০০/- |
| | | | ২১ | উপজেলা পরিষদের মালিকানাধীন চন্দ্রমল্লিকা ভবনের পশ্চিম পার্শ্বের ফ্লাট মেরামত কাজের বিল প্রদান | ২৫,০০০/- |
| | | | ২২ | ব্যাংক কর্তৃক ভুল বশত জমা দেখানো অর্থ ব্যয় দেখানো হয়েছে | ৪,৫২৫/- |
| | | | ২৩ | ২০২০-২০২১ অর্থ বছরে রাজস্ব উদ্বৃত্ত অর্থ উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে স্থানান্তর | ৭,৩৭,৪০৪/২৪ |
| | জুন/২১ মাসের আয়- | ৯,৪৬,৪১০/৭৪ | | জুন/২১ মাসের মোট ব্যয়- | ১৮,০০৫৫৬/২৪ |
| | সর্বমোট আয়- | ১৮,০০,৫৫৬/২৪ | | সর্বমোট ব্যয়- | ১৮,০০,৫৫৬/২৪ |
| সমাপনী স্থিতি= ০ | | | | | |

উপস্থাপিত হিসাব বিবরণী অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভার দৃষ্টি আকর্ষন করেন। উল্লেখ্য যে- জুলাই/২০২১ মাসে কোন আয় না হওয়ার জন্য কোন ব্যয়ও হয়নি। বিষয়টি সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের বিগত জুন ও জুলাই/২০২১ মাসের দাখিলকৃত আয়-ব্যয়ের হিসাব বিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

| | | |
|---|---|---|
| (৪) বিবিধ ঃ | (ক) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, দিরাই সভার দৃষ্টি আকর্ষণ করে বলেন কোভিড-১৯ এর প্রতিরোধের জন্য বিগত- ০৭ আগস্ট ২০২১ দিরাই প্রতিটি ইউনিয়ন পরিষদে সুষ্ঠু ও সুন্দরভাবে গণটিকা প্রদান কার্যক্রম সম্পন্ন হয়েছে। গণটিকা প্রদানে সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। কোভিড-১৯ এর ২য় ধাপের মধ্যেও তার দপ্তরের স্বাস্থ্য সেবা কার্যক্রম ২৪ ঘন্টাই চলমান রয়েছে। কোভিড-১৯ এর ২য় ধাপের ভ্যাক্সিন প্রথম ডোজ প্রদান কার্যক্রম চলমান রয়েছে এবং ভ্যাক্সিন পর্যাপ্ত পরিমাণ আছে। কাজেই যাদের প্রথম ডোজ গ্রহণের জন্য অনলাইনের মাধ্যমে নিবন্ধন করতে হবে এবং নিবন্ধিতরা এস.এম.এস এর মাধ্যমে ভ্যাক্সিন গ্রহণের তারিখ জানতে পারবেন। নির্ধারিত তারিখে টিকা কার্ড নিয়ে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আসেন তাদের ভ্যক্সিন দেওয়ার জন্য অনুরোধ জানান। কোভিড-১৯ পরিক্ষা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে করা হচ্ছে। কারও যদি কোন প্রকার উপসর্গ দেখা দেয় তারা বিলম্ব না করে দ্রুত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এসে কোভিড পরিক্ষা করানোর জন্য সাধারণ জনগণকে উৎসাহ প্রদানের জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানান। তিনি আরও জানান যারা ভ্যাক্সিন নিয়েছেন এবং যারা ভ্যাক্সিন নেননি তারা সকলেই বাধ্যতামূলক ভাবে মাস্ক পড়তে এবং স্বাস্থ্য বিধি মেনে চলার জন্য অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>সিদ্ধান্ত ঃ কোভিড-১৯ সহ সকল রোগীদের স্বাস্থ্যসেবা সুষ্ঠুভাবে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দিরাই কে অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা,দিরাই |
| | (খ) উপজেলা মহিলা বিষয়ক অফিসার দিরাই সভায় জানান ভিজিডি সংক্রান্ত কার্যক্রমের আওতায় জুলাই/২০২১ হতে আগস্ট/২০২১ সময়ের আলাদাভাবে ডিও প্রদান করা হয়েছে। মার্তৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচির আওতায় প্রতি ইউনিয়নে ০৭(সাত) জনের নামের তালিকা পাওয়া গেছে। তবে উল্লেখিত ০৭(সাত) জনের প্রয়োজনীয় কাগজপত্র যেমন- ছবি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, মাতৃত্ব সনদ পাওয়া যায় নাই। উক্ত কাগজপত্র প্রদানের জন্য ইউ/পি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হলো। ০৮ আগস্ট বঙ্গমাতা বেগম ফজিলাতুন | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ উপজেলা নির্বাহী অফিসার, দিরাই/চেয়ারম্যান, |

| | | |
|---|---|---|
| | নেছা মুজিব এঁর ৯১ তম জন্মবার্ষিকী যথাযথ মর্যাদায় পালিত হয়েছে। উক্ত দিবস উপলক্ষ্যে দুঃস্থ ও অসহায় ০৭(সাত) জন মহিলাকে ০১টি করে সেলাই মেশিন ও মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নগদ দুই হাজার টাকা নগদ একাউন্টে প্রেরণ করা হয়েছে। ১৫ আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালিত হয়েছে। মহিলা প্রশিক্ষণ কেন্দ্র ও আইজিএ প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রম যথা নিয়মে সুষ্ঠুভাবে চলছে। পৌরসভাসহ ০৯টি ইউনিয়নে মোট ১০টি ক্লাব নির্দেশনা মোতাবেক সুষ্ঠুভাবে চলছে; এছাড়াও অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরও জানান তার অফিস কক্ষটি খুবই জরাজির্ণ মেরামত করা প্রয়োজন। উপজেলা নির্বাহী অফিসার, দিরাই সভায় জানান ভিজিডিচক্রে যে সকল ইউনিয়ন পরিষদের ভিজিডিচক্রের ব্যাংক হিসাব খোলা হয়নি তারা দ্রুত ব্যাংক হিসাব খোলে নিয়মিত সঞ্চয়ের টাকা জমা করার জন্য ইউ/পি চেয়ারম্যানগণকে তাগিদ দিয়ে কাজটি বাস্তবায়ন করানোর জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিরাই'কে অনুরোধ জানান। তিনি আরও জানান উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিরাই কর্তৃক ভিজিডি বিতরণে যে সকল কর্মকর্তা'কে ট্যাগ অফিসার হিসেবে প্রস্তাব দিয়েছেন; তাদের অনেকেই দিরাই হতে বদলী নিয়ে অন্যত্র চলে গেছেন কিংবা কেউ কেউ চাকুরি ছেড়ে অন্য চাকুরিতে চলেগেছেন। তাই ট্যাগ অফিসার নিয়োগ প্রস্তাবে দায়িত্বশীল হওয়ার জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিরাই'কে অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br><u>সিদ্ধান্ত</u> ঃ মার্তৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচির আওতায় প্রাপ্ত বরাদ্দের আলোকে প্রয়োজনীয় কাগজপত্রাদি জরুরি ভিত্তিতে প্রদানের জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। সেই সাথে ভিজিডি কর্মসূচির ট্যাগ অফিসার নিয়োগ প্রস্তাবে দায়িত্বশীল হওয়ার জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | সকল ইউ/পি, দিরাই /উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিরাই |
| | (গ) উপজেলা প্রকৌশলী, দিরাই সভায় জানান উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় দিরাই উপজেলার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসায় ৫৯৪ জোড়া হাই-লো বেঞ্চ সরবরাহের ঠিকাদারি প্রতিষ্ঠান বেঙ্গল পলিমার ওয়ারস লিমিটেড কার্যাদেশের বিপরীতে যথাযথভাবে পণ্য সরবরাহ করেছে। চুক্তি মোতাবেক ও কাজ সম্পাদনের ভিত্তিতে উক্ত কাজের বিপরীতে ঠিকাদারি প্রতিষ্ঠান বিল দাখিল করেছেন। চুক্তিমূল্য ভ্যাট-আয়কর সহ সর্বমোট- ৩৭,৬২,৯৯০/- (সাইত্রিশ লক্ষ বাষট্টি হাজার নয়শত নব্বই) টাকা সেই মোতাবেক দাখিলকৃত বিলের পরিমাণ সর্বমোট-৩৭,৬২,৯৯০/-(সাইত্রিশ লক্ষ বাষট্টি হাজার নয়শত নব্বই) টাকার বিল পাওয়ার জন্য ঠিকাদারি প্রতিষ্ঠান বেঙ্গল পলিমার ওয়ার্স লিমিটেড আবেদন করেছেন। যার মধ্যে ভ্যাট বাবদ- ৫,৬৪,৪৪৯/- (১৫%) এবং আয়কর বাবদ- ১,১২,৮৯০/- (৩%) টাকা, ভ্যাট ও আয়কর ব্যতীত মোট পরিশোধ যোগ্য বিলে টাকার পরিমাণ: ৩০,৮৫,৬৫১/-(তিরিশ লক্ষ পচাশি হাজার ছয় শত একান্ন) টাকা সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন। তিনি আরও জানান গত অর্থ বছরে অর্থাৎ ২০২০-২১ অর্থ বছরে উপজেলা উন্নয়ন তহবিল হতে বাস্তবায়িত প্যাকেজ নং- UDF/Derai/2020-21/w01 সুরঞ্জিত সেনগুপ্ত পলিটেকনিক ইন্সটিটিউট এর অতিরিক্ত শ্রেণিকক্ষ নির্মাণ কাজটি কোভিড-১৯ এর জন্য ঠিকাদারি প্রতিষ্ঠান মেসার্স দ্বীপ এন্টারপ্রাইজ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ কর্তৃক যথা সময়ে সমাপ্ত করা সম্ভব হয়নি। কাজেই উক্ত কাজের বিল ক্যারিড ওভার হিসেবে গণ্য করত: চলতি অর্থবছর অর্থাৎ ২০২১-২২ হতে সমূদয় বিল পরিশোধের জন্য সভায় অনুরোধ জানান। বিষয়দু'টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br><u>সিদ্ধান্ত</u> ঃ উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় বাস্তবায়িত প্রকল্পের প্রার্থীত বিল-ভ্যাট-আয়কর সহ সর্বমোট- ৩৭,৬২,৯৯০/- (সাইত্রিশ লক্ষ বাষট্টি হাজার নয়শত নব্বই) টাকা পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, দিরাই'কে অনুরোধ জানান।<br><br>২) যেহেতু দৈব কারণে অর্থাৎ কোভিড-১৯ কারনে গত অর্থ বছরে অর্থাৎ ২০২০-২১ অর্থ বছরে প্যাকেজ নং- UDF/Derai/2020-21/w01 সুরঞ্জিত সেনগুপ্ত পলিটেকনিক ইন্সটিটিউট এর অতিরিক্ত শ্রেণিকক্ষ নির্মাণ কাজটি ঠিকাদারি প্রতিষ্ঠান মেসার্স দ্বীপ এন্টারপ্রাইজ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ কর্তৃক যথা সময়ে সমাপ্ত করা সম্ভব হয়নি। কাজেই উক্ত কাজের বিল ক্যারিড ওভার হিসেবে গণ্য করত: চলতি অর্থবছর অর্থাৎ ২০২১-২২ হতে সমুদয় বিল পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, দিরাই/ চেয়ারম্যান, সকল ইউ/পি, দিরাই/ উপজেলা প্রকৌশলী, দিরাই |
| | (ঘ) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন পরিবার পরিকল্পনা বিভাগের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br><u>সিদ্ধান্ত</u> ঃ বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দিরাই |
| | (ঙ) উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন প্রকল্প বাস্তবায়ন বিভাগের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br><u>সিদ্ধান্ত</u> ঃ বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিরাই |
| | (চ) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দিরাই সভায় তার বর্তমানে চলমান কর্মসূচির তথ্যাদি সভায় উপস্থাপন করেন। অভ্যন্তরিন বোরো ধান, চাল সংগ্রহ ২০২০-২০২১ সংক্রান্ত তথ্যাদি : | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দিরাই |

| ক্রং | পণ্য | সরকার নির্ধারিত | লক্ষ্যমাত্রা | এ পর্যন্ত অর্জন | মন্তব্য |
|---|---|---|---|---|---|

| নং | | দর (প্রতি কেজি) | (মেঃটন) | (মেঃটন) | |
|---|---|---|---|---|---|
| ০১ | ধান | ২৭/- | ৪,২০২.০০ | ৭১৬.০০০ | সরকার নির্ধারিত মূল্যের চেয়ে বাজারে ধানের মূল্য বেশি থাকায় লক্ষমাত্রা অর্জনের সম্ভাব হয়নি। |
| ০২ | চাল আতপ | ৩৯/- | ১৩৯৭.০০ | ১৩৯৭.০০ | আতপ চালের লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন হয়েছে। |

তিনি আরও জানান বিশেষ ওএমএস দিরাই পৌরসভায় ০৩(তিন) জন ডিলারের মাধ্যমে দৈনিক ১.৫০০ মেঃটন চাল, প্রতি কেজি চালের মূল্য ৩০/- টাকা এবং দৈনিক ১.০০০ মেঃটন আটা প্রতি কেজি আটার মূল্য ১৮/- টাকা হিসেবে সপ্তাহে শুক্রবার ব্যতীত বিক্রি করা হচ্ছে। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন।

<u>সিদ্ধান্ত</u> ঃ ধানের লক্ষমাত্রা অর্জনের চেষ্টা অব্যাহত রাখার সহ বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দিরাই, সুনামগঞ্জ কে অনুরোধ জানানো হয়।

(ছ) উপজেলা সমাজসেবা অফিসার, দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানান সমাজসেবা অধিদফতর পরিকল্পনা ও উন্নয়ন শাখার স্মারক নং- ৪১.০১.০০০০.০০৭.১৪.৩৯৮.১৯.১০৮, তারিখ- ০৭ ফেব্রুয়ারি ২০২১ পত্রটি সভায় উপস্থাপন করেন। পত্র দৃষ্টে দেখাযায় সরকারের রূপকল্প ২০২১-৪১ বাস্তবে রূপায়ন, এসডিজির লক্ষ্যমাত্রা অর্জন এবং ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনার আলোকে দেশের সিনিয়র সিটিজেন, প্রতিবন্ধী ব্যক্তিগের মেরাশী সেন্টার, আইনের সংঘাতে বা সংস্পর্শে আসা শিশু, কর্মক্ষম বিধবা ও স্বামী পরিত্যাক্তা নারীদের দক্ষতা উন্নয়নের প্রশিক্ষণ, পল্লী মাতৃকেন্দ্রের ও পল্লী সমাজসেবা কার্যক্রমের আওতায় সুদমুক্ত ক্ষুদ্রঋণ গ্রহিতাদের স্কীমভিত্তিক প্রশিক্ষণ প্রদানসহ সামাজিক নিরাপত্তা কর্মসূচির বহুমূখী কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে "শেখ ফজিলাতুন্নেছা মুজিব পল্লী সমাজসেবা প্রশিক্ষণ ও সামাজিক নিরাপত্তা কমপ্লেক্স স্থাপন (৪৯৩টি উপজেলায়) প্রকল্প" গ্রহণের উদ্যোগ নেওয়া হয়েছে। উক্ত প্রকল্পটি উপজেলা ভিত্তিক বাস্তবায়ন করা হবে বিধায় উপজেলা পরিষদ কর্তৃক ১২-১৮ শতাংশ (সম্ভাব্য ১৩৪ ফুট X ৫৯ ফুট) জমির (উপজেলা পরিষদের রেজুলেশনের মাধ্যমে) ডিজিটাল সার্ভে নকশা ও সীমানা চিহ্নিত করণের জন্য অনুরোধ জানানো হয়েছে। কাজেই প্রকল্পটি বাস্তবায়নের শার্তে উপজেলা পরিষদ কর্তৃক উপজেলা সমাজসেবা অফিসের বর্তমান ভবনের সাথে জায়গা প্রদানের জন্য সভায় অনুরোধ জানান। চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিরাই সভায় জানান বর্তমানের উপজেলা সমাজসেবা অফিসটি উপজেলা পরিষদের জায়গায় মোট ৪শতাংশ ভূমিতে বিদ্যমান রয়েছে। কাজেই পুরাতন ভূমির সাথে নতুন করে আরও ৮শতাংশ ভূমি প্রদান করা যেতে পারে। প্রণয়নের নিমিত্ত জমির ডিজিটাল সার্ভে নকশা ও সীমানা চিহ্নিত করণ। ভিক্ষুক পুনর্বাসনের জন্য ২.০০ দুই লক্ষ টাকা কাজেই উপযুক্ত ব্যক্তি নির্বাচন করে দেয়ার জন্য মেয়র, দিরাই পৌরসভা সহ ইউ/পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। এছাড়াও দিরাই উপজেলায় শতভাগ বয়স্ক ভাতা এবং বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতার কার্যক্রম চলমান। আগামী ১০ সেপ্টেম্বর, ২০২১ পর্যন্ত সকলকে অনলাইনের মাধ্যমে আবেদন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। বিষয়গুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

<u>সিদ্ধান্ত</u> ঃ সমাজসেবা অধিদফতর পরিকল্পনা ও উন্নয়ন শাখার স্মারক নং- ৪১.০১.০০০০.০০৭.১৪.৩৯৮.১৯.১০৮, তারিখ- ০৭ ফেব্রুয়ারি ২০২১ পত্রের আলোকে উপজেলা সমাজসেবা অফিসের জন্য উপজেলা পরিষদের মালিকানাধীন ভূমি হতে সর্বমোট- ৮শতাংশ ভূমি প্রদান করা জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে- ইতোপূর্বে উপজেলা সমাজসেবা অফিসের জন্য .৪শতাংশ ভূমি উপজেলা পরিষদ হতে দেয়া আছে। কাজেই উপজেলা পরিষদ কর্তৃক নতুন করে ৪শতাংশ ভূমি প্রদানের জন্য এবং অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই

(ছ) সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন "বেশি বেশি মাছ চাষ করি, বেকারত্ব দুর করি" এই প্রতিপাদ্যকে সামনে রেখে আগামী ২৮ আগস্ট ২০২১ হতে ০৩ সেপ্টেম্বর ২০২১ পর্যন্ত জাতীয় মৎস্য সপ্তাহ ২০২১ উদ্‌যাপিত হতে যাচ্ছে, এতে উপস্থিত সকলকে সার্বিক সহযোগিতা করার জন্য সভায় অনুরোধ জানান। এছাড়াও উপজেলা মৎস্য বিভাগের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

<u>সিদ্ধান্ত</u> ঃ জাতীয় মৎস্য সপ্তাহ ২০২১ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সহ বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, দিরাই'কে অনুরোধ জানানো হয়।

সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, দিরাই

(জ) উপজেলা কৃষি কর্মকর্তা, দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন উপজেলা কৃষি বিভাগের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

<u>সিদ্ধান্ত</u> ঃ বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি কর্মকর্তা, দিরাই'কে অনুরোধ জানানো হয়।

উপজেলা কৃষি কর্মকর্তা, দিরাই

(ঝ) উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন উপজেলা জনস্বাস্থ্য বিভাগের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

উপসহকারী প্রকৌশলী

| | | |
|---|---|---|
| | **সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) দিরাই'কে অনুরোধ জানানো হয়। | (জনস্বাস্থ্য), দিরাই |
| | (ঞ) চেয়ারম্যান, রফিনগর, ইউনিয়ন পরিষদ, দিরাই সভায় জানান তার ইউ/পিন্থু বাংলা বাজারে হঠাৎ করে অগ্নিকান্ডের ঘটনা ঘটে। অগ্নিকান্ডে ঐ বাজারে প্রায় ১.০০ কোটি টাকার ক্ষয়-ক্ষতি হয়েছে। কাজেই ক্ষতিগ্রস্ত দোকান মালিকগণকে উপজেলা পরিষদ হতে আর্থিক অনুদান প্রদানের জন্য সভায় অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** রফিনগর ইউ/পিন্থু বাংলা বাজারে অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত দোকান মালিকগণকে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা করে আর্থিক অনুদান প্রদানের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| | (ট) ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সভায় জানান উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের ৪র্থ পর্যায়ের সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণের প্রাক্কলন এখন পর্যন্ত পাওয়া যায়নি। কাজেই সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে দ্রুত প্রাক্কলন প্রস্তুতকরে জমা প্রদানের জন্য সভায় অনুরোধ জানান।<br><br>**সিদ্ধান্ত ঃ** উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের ৪র্থ পর্যায়ের সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণের প্রাক্কলন দ্রুত সময়ের মধ্যে প্রস্তুতক্রমে জমা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা, দিরাই |
| | (ঠ) উপজেলা প্রকৌশলী, দিরাই সভায় জানান উপজেলা পরিষদের মালিকানাধীন চন্দ্রমল্লিকা ভবনের উপরতলা পশ্চিম পার্শ্বের ফ্লাটের জানালা খুলে মাটিতে পরে গিয়েছিল। কাজেই দ্রুত সময়ের মধ্যে জরুরি ভিত্তিতে উক্ত ফ্লাটের দরজা-জানালা মেরামত করা হয়েছে। উক্ত কাজটি করতে সর্বমোট- ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা ব্যয় হয়েছে। তিনি আরও জানান উপজেলা পরিষদের মালিকানাধীন হাসনাহেনা ভবনের নিচতলা পূর্ব পার্শ্বের ফ্লাটের জানালা খুলে মাটিতে পরে গিয়েছিল। কাজেই দ্রুত সময়ের মধ্যে জরুরি ভিত্তিতে উক্ত ফ্লাটের দরজা-জানালা মেরামত করা হয়েছে। উক্ত কাজটি করতে সর্বমোট- ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা ব্যয় হয়েছে। ব্যয়িত টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় অনুরোধ জানানো হয়। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** উপজেলা পরিষদের মালিকানাধীন চন্দ্রমল্লিকা ভবনের উপরতলা পশ্চিম পার্শ্বের ফ্লাটের দরজা-জানালা মেরামত বাবদ ব্যয়িত ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা এবং হাসনাহেনা ভবনের নিচতলা পূর্ব পার্শ্বের ফ্লাটের দরজা-জানালা মেরামত বাবদ ব্যয়িত ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| | (ড) মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই সভায় জানান ১৫আগস্ট ২০২১ জাতীয় শোক দিবস অত্র উপজেলা যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপিত হয়েছে। উক্ত দিবসে সরকারি যে পরিমাণ অর্থ বরাদ্দ পাওয়া যায় তা প্রয়োজনের তুলনায় অপ্রতুল। কাজেই উপজেলা পরিষদ হতে আর্থিক অনুদান হিসেবে ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা বরাদ্দ প্রদানের জন্য সভায় অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** ১৫আগস্ট ২০২১ জাতীয় শোক দিবস অত্র উপজেলা যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের জন্য আর্থিক অনুদান হিসেবে উপজেলা রাজস্ব তহবিল হতে ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা বরাদ্দ প্রদানের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| | (ঢ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সভায় জানান উপজেলা পরিষদের দাপ্তরিক কাজে ব্যবহৃত সৌর বিদ্যুতের দুইটি ব্যাটারী নষ্ট হয়ে গেছে। তাই বিদ্যুৎ না থাকলে দাপ্তরিক কাজকর্ম করা বন্ধ হয়ে যায়। কাজেই জরুরি ভিত্তিতে দুইটি ব্যাটারী ক্রয় করা প্রয়োজন। স্থানীয় বাজারে যোগাযোগ করে জানাযায় দুইটি ব্যাটারীক্রয় করতে সর্বমোট ৪৬,০০০/- (চেচল্লিশ হাজার) টাকা প্রয়োজন। তিনি আরও জানান উপজেলা পরিষদের দাপ্তরিক কাজে ব্যবহৃত টেলিফোন সেট এবং চেয়াম্যানের বাসভবনের টেলিফোন সেট দুইটি নষ্ট হয়েগেছে। তিনি সভার দৃষ্টি আকর্ষণকরে জানান উপজেলা পরিষদের দাপ্তরিক কাজের জন্য একটি গ্যাস সিলিন্ডার সহ গ্যাসের চুলাক্রয়ের প্রয়োজন। তাই উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উপজেলা পরিষদের জন্য সৌর বিদ্যুতের দুইটি ব্যাটারী, দুইটি টেলিফোন সেট এবং একটি গ্যাস সিলিন্ডারসহ গ্যাসের চুলাক্রয়ের ক্রয় করার জন্য সভায় অনুরোধ জানান।<br><br>**সিদ্ধান্ত ঃ** উপজেলা পরিষদের দাপ্তরিক কাজে ব্যবহৃত সৌর বিদ্যুতের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে সর্বমোট ৪৬,০০০/- (চেচল্লিশ হাজার) টাকার মধ্যে দুইটি সৌর বিদ্যুতের ব্যাটারী; ৮,০০০/- (আট হাজার) টাকার মধ্যে উপজেলা পরিষদের চেয়ারম্যান এঁর বাসা এবং অফিসের জন্য দুইটি টেলিফোন সেট এবং ৪,০০০/- (চার হাজার) টাকা ব্যয়ে একটি গ্যাস সিলিন্ডার সহ গ্যাসের চুলাক্রয় করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |

'শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের [illegible]'

| পরিশিষ্ট "ক" | |
|---|---|
| সভায় উপস্থিত সদস্যগণের তালিকা (জ্যাষ্ঠতারক্রমানুসারে নয়) | সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা (জ্যাষ্ঠতারক্রমানুসারে নয়) |
| ০১। জনাব মোঃ মঞ্জুর আলম চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই। | ০১। উপজেলা নির্বাহী অফিসার, দিরাই, সুনামগঞ্জ। |
| ০২। জনাব মোঃ মোহন চৌধুরী, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই | ০২। সহকারী কমিশনার (ভূমি), দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা)। |
| ০৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই। | ০৩। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্ত, দিরাই, সুনামগঞ্জ। |
| ০৪। চেয়ারম্যান, রফিনগর ইউ/পি, দিরাই। | ০৪। উপজেলা কৃষি অফিসার, দিরাই, সুনামগঞ্জ। |
| ০৫। চেয়ারম্যান, ভাটিপাড়া ইউ/পি, দিরাই। | ০৫। উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই, সুনামগঞ্জ। |
| ০৬। চেয়ারম্যান, দিরাই সরমঙ্গল ইউ/পি, দিরাই। | ০৬। উপজেলা মৎস্য অফিসার, দিরাই, সুনামগঞ্জ । |
| | ০৭। উপজেলা প্রকৌশলী, দিরাই, সুনামগঞ্জ। |
| | ০৮। উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দিরাই, সুনামগঞ্জ। |
| | ০৯। উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিরাই, সুনামগঞ্জ। |
| | ১০। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিরাই, সুনামগঞ্জ। |
| | ১১। উপজেলা প্রাণিসম্পদ অফিসার, দিরাই, সুনামগঞ্জ। |
| | ১২। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা)। |
| | ১৩। উপজেলা সমবায় অফিসার, দিরাই, সুনামগঞ্জ। |
| | ১৪। উপজেলা সমাজসেবা অফিসার, দিরাই, সুনামগঞ্জ। |
| | ১৫। উপ-সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ), দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা)। |

| পরিশিষ্ট "খ" | |
|---|---|
| সভায় অনুপস্থিত সদস্যগণের তালিকা (জ্যাষ্ঠতারক্রমানুসারে নয়) | সভায় অনুপস্থিত কর্মকর্তাগণের তালিকা (জ্যাষ্ঠতারক্রমানুসারে নয়) |
| ০১। মেয়র, দিরাই পৌরসভা। | ০১। উপজেলা শিক্ষা অফিসার, দিরাই, সুনামগঞ্জ। |
| ০২। চেয়ারম্যান, রাজানগর ইউ/পি, দিরাই। | ০২। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দিরাই, সুনামগঞ্জ। |
| ০৩। চেয়ারম্যান, চরনারচর ইউ/পি, দিরাই। | ০৩। উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিরাই, সুনামগঞ্জ। |
| ০৪। চেয়ারম্যান, জগদল ইউ/পি, দিরাই। | ০৪। ফরেস্টার/ডেপুটি রেঞ্জ অফিসার, দিরাই |
| ০৫। চেয়ারম্যান, তাড়ল ইউ/পি, দিরাই। | ০৫। উপসহকারী প্রকৌশলী (বাপাউবো) ও শাখা কর্মকর্তা, দিরাই |
| ০৬। চেয়ারম্যান, কুলঞ্জ ইউ/পি, দিরাই। | ০৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিরাই, সুনামগঞ্জ । |
| ০৭। চেয়ারম্যান, করিমপুর ইউ/পি, দিরাই। | ০৭। তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা)। |
| ০৮। সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, দিরাই। | ০৮। উপজেলা সমন্বয়কারী, একটি বাড়ি একটি খামার, প্রকল্প দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা)। |

'শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি'

## পরিশিষ্ট "ক"

| সভায় উপস্থিত সদস্যগণের তালিকা (জ্যাষ্ঠতারক্রমানুসারে নয়) | সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা (জ্যাষ্ঠতারক্রমানুসারে নয়) |
|---|---|
| ০১। জনাব মোঃ মঞ্জুর আলম চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই।<br>০২। জনাব মোঃ মোহন চৌধুরী, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই<br>০৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই।<br>০৪। চেয়ারম্যান, রফিনগর ইউ/পি, দিরাই।<br>০৫। চেয়ারম্যান, ভাটিপাড়া ইউ/পি, দিরাই।<br>০৬। চেয়ারম্যান, দিরাই সরমঙ্গল ইউ/পি, দিরাই। | ০১। উপজেলা নির্বাহী অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০২। সহকারী কমিশনার (ভূমি), দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা)।<br>০৩। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্ত, দিরাই, সুনামগঞ্জ।<br>০৪। উপজেলা কৃষি অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৫। উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাষ্থ্য), দিরাই, সুনামগঞ্জ।<br>০৬। উপজেলা মৎস্য অফিসার, দিরাই, সুনামগঞ্জ ।<br>০৭। উপজেলা প্রকৌশলী, দিরাই, সুনামগঞ্জ।<br>০৮। উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৯। উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>১০। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>১১। উপজেলা প্রাণিসম্পদ অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>১২। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা)।<br>১৩। উপজেলা সমবায় অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>১৪। উপজেলা সমাজসেবা অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>১৫। উপ-সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ), দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা)। |

## পরিশিষ্ট "খ"

| সভায় অনুপস্থিত সদস্যগণের তালিকা (জ্যাষ্ঠতারক্রমানুসারে নয়) | সভায় অনুপস্থিত কর্মকর্তাগণের তালিকা (জ্যাষ্ঠতারক্রমানুসারে নয়) |
|---|---|
| ০১। মেয়র, দিরাই পৌরসভা।<br>০২। চেয়ারম্যান, রাজানগর ইউ/পি, দিরাই।<br>০৩। চেয়ারম্যান, চরনারচর ইউ/পি, দিরাই।<br>০৪। চেয়ারম্যান, জগদল ইউ/পি, দিরাই।<br>০৫। চেয়ারম্যান, তাড়ল ইউ/পি, দিরাই।<br>০৬। চেয়ারম্যান, কুলঞ্জ ইউ/পি, দিরাই।<br>০৭। চেয়ারম্যান, করিমপুর ইউ/পি, দিরাই।<br>০৮। সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, দিরাই। | ০১। উপজেলা শিক্ষা অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০২। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৩। উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৪। ফরেস্টার/ডেপুটি রেঞ্জ অফিসার, দিরাই<br>০৫। উপসহকারী প্রকৌশলী (বাপাউবো) ও শাখা কর্মকর্তা, দিরাই<br>০৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিরাই, সুনামগঞ্জ ।<br>০৭। তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা)।<br>০৮। উপজেলা সমন্বয়কারী, একটি বাড়ি একটি খামার, প্রকল্প দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা)। |

| | | |
|---|---|---|
| | (ঢ) মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই সভায় জানান উপজেলা নির্বাহী অফিসারের শারিরীক ও বাসভবনের নিরাপত্তায় নিয়োজিত আনসারদের জন্য তার বাস ভবনের গেইট সংলগ্ন একটি আনসার চেকপোস্ট নির্মাণ করা প্রয়োজন। উক্ত কাজে সর্বমোট প্রায় ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা ব্যয় হবে। ব্যয়িত টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>সিদ্ধান্ত ঃ উপজেলা নির্বাহী অফিসারের শারিরীক ও বাসভবনের নিরাপত্তায় নিয়োজিত আনসারদের জন্য তার বাস ভবনের গেইট সংলগ্ন একটি আনসার চেক পোস্ট নির্মাণ কাজের জন্য সর্বোচ্চ ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই/ উপজেলা প্রকৌশলী, দিরাই |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ মঞ্জুর আলম চৌধুরী)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, দিরাই
সুনামগঞ্জ।

স্মারক নং- ০৫.৬০.৯০২৯.০০০.১০.০০১.১২-৩৫(৫০) তারিখ ঃ ১৮/০৮/২০২১

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, সুনামগঞ্জ-২।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
০৬। মেয়র, দিরাই পৌরসভা।
০৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই, সুনামগঞ্জ।
০৮। উপজেলা ------------------------------------------------------------------ অফিসার (সংশিষ্ট সকল), দিরাই।
০৯। চেয়ারম্যান------------------------------------------------------------------ ইউ/পি (সকল), দিরাই।
১০। অফিস নথি/মাস্টার ফাইল।

১৮.০৮.২১

(মাহমুদুর রহমান মামুন)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, দিরাই
ও
উপজেলা নির্বাহী অফিসার
দিরাই, সুনামগঞ্জ।